ত্রৈমাসিক বুলেটিন

শতভাগ বিদ্যুতের দেশ প্রবার হবে স্মার্ট বাংলাদেশ

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৫ | সংখ্যা : ১৯ | আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ | জুন ২০২৪ খ্রি.

## বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং-এ ডিপিডিসি'র ২য় স্থান অর্জন



*ডিপিডিসি'র পক্ষে ইনোভেশন শোকেসিং এর ক্রেস্ট ও সনদ গ্রহণ করেন জেনারেল ম্যানেজার (আইসিটি) রবিউল হাসান*

গত ১৯ মে ২০২৪ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং-এ বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠানের মধ্যে ডিপিডিসি'র আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স বেজড স্মার্ট কাস্টমার এসিস্ট্যান্ট চ্যাটবট ডিপিডিসি 'বিদ্যুৎ বন্ধু' ২য় স্থান অর্জন করেছে।

'বিদ্যুৎ বন্ধু' চ্যাটবটের মাধ্যমে খুব সহজেই বিদ্যুৎ সংক্রান্ত যেকোন সেবা গ্রহণ ও অভিযোগ দাখিল করা যায়। ডিপিডিসি'র গ্রাহকগণ যেকোন কম্পিউটার বা মোবাইল ব্যবহার করে ডিপিডিসি'র ওয়েবসাইট (www.dpdc.gov.bd) থেকে বাংলা এবং ইংরেজি ভাষায় এই সেবা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগের অধীন দপ্তর/সংস্থা হতে ২৪টি ইনোভেশন উদ্যোগ প্রদর্শিত হয়েছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, গ্রাহক সেবা নিশ্চিত করা ও বিদ্যুৎ উৎপাদনের বিকল্প ও সহজলভ্য উৎস খুঁজে বের করা ইনোভেশন শোকেসিং এর লক্ষ্য। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গঠনে সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে ইনোভেশনের বিকল্প নেই। বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ ইনোভেশন শোকেসিং এ বিজয়ীদের ক্রেস্ট ও সনদ প্রদান করেন। ডিপিডিসি'র পক্ষে জেনারেল ম্যানেজার (আইসিটি) রবিউল হাসান ক্রেস্ট ও সনদ গ্রহণ করেন। সিনিয়র সচিব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ তাঁর বক্তব্যে বলেন ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশের লক্ষ্য অর্জন করতে হলে নিজস্ব প্রযুক্তির উদ্ভাবন বা ব্যবহৃত প্রযুক্তির নিজস্ব ভার্সন সৃজন করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রধান ইনোভেশন কর্মকর্তা নিরোদ চন্দ্র মন্ডলের সঞ্চালনায় অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মো: হুমায়ুন কবির এবং বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*ডিপিডিসির ইনোভেশন শোকেসিং স্টল পরিদর্শন করছেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ*



*ডিপিডিসির ইনোভেশন শোকেসিং স্টলে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমান ও ঊর্ধ্বতন কর্মকর্তাগণ*

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন




ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমানের নেতৃত্বে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে একুশে ফেব্রুয়ারি প্রত্যুষে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



## ডিপিডিসি'তে নতুন কোম্পানি সচিবের যোগদান

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এ গত ১০জুন ২০২৪ তারিখে কোম্পানি সচিব পদে যোগদান করেন উপসচিব কে এম সালাহউদ্দিন। বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৮ব্যাচের এই চৌকশ কর্মকর্তা ডিপিডিসি'তে যোগদানের পূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে উপসচিব হিসেবে কর্মরত ছিলেন।

## ডিপিডিসি'র অভ্যন্তরীণ সমন্বয় সভা



ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমানের সভাপতিত্বে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর মার্চ ২০২৪ খ্রি. মাসের মাসিক অভ্যন্তরীণ সমন্বয় ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা।

## ■ ডিপিডিসি-তে আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদ্‌যাপন ■





*ডা. তামাতুন ইসলাম তানহা কে সেরা নারী এমপ্লয়ি হিসেবে পুরস্কৃত করা হয়*

গত ২৫ মার্চ ২০২৪ তারিখে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর সম্মেলন কক্ষে 'উন্নয়নের অগ্রযাত্রায় নারীস্বাস্থ্যে বিনিয়োগ' শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (অ্যাডমিন ও এইচ আর) সোনামনি চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট জনস্বাস্থ্যবিদ ও স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)'র চেয়ারম্যান মুনীরা সুলতানা, এনডিসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব তানিয়া খান। অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা তাঁর বক্তব্যে কর্মক্ষেত্রে নারীবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও নারীদের স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের উপর জোরারোপ করেন।

নারী দিবস উপলক্ষে ডিপিডিসি তে কর্মরত নারী এমপ্লয়িদের মধ্য হতে সার্বিক মূল্যায়নে মেডিকেল অফিসার ডা. তামাতুন ইসলাম তানহা কে সেরা নারী এমপ্লয়ি হিসেবে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি সেরা নারী এমপ্লয়িকে সম্মাননা স্মারক প্রদান করেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ ঊর্ধতন কর্মকর্তাগণ এবং নারী এমপ্লয়িগণ উপস্থিত ছিলেন।

## ■ পহেলা বৈশাখ ও পবিত্র ঈদ উল ফিতর পরবর্তী পুনর্মিলনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান ■



গত ২৯ এপ্রিল ২০২৪ রোজ সোমবার ডিপিডিসি'র স্ক্যাডা ভবনস্থ অডিটোরিয়ামে পহেলা বৈশাখ ১৪৩১ ও পবিত্র ঈদ উল ফিতর পরবর্তী পুনর্মিলনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে ডিপিডিসি'র বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী গান, কবিতা, কৌতুক পরিবেশন করেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল স্তরের নারী এমপ্লীগণ সহ নির্বাহী প্রকৌশলী ও ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ডিপিডিসি-তে ঐতিহাসিক ৭ই মার্চ উদ্‌যাপন




*বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ*

১৯৭১ সালের ৭ মার্চে স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর কালজয়ী ভাষণের মাধ্যমে বাঙালি জাতিকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করেন। জাতির পিতার সেই ঐতিহাসিক ভাষণকে স্মরণ করে ৭ই মার্চ 'জাতীয় ঐতিহাসিক দিবস-এ বিদ্যুৎ ভবনস্থ জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপণ করা হয়। এছাড়াও ডিপিডিসি'র বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


## ডিপিডিসি-তে জাতীয় শিশু দিবস উদ্‌যাপন




*জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ*

স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৭ মার্চ বিদ্যুৎ ভবনস্থ জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপণ করা হয়। এছাড়াও ডিপিডিসি'র বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও জাতির পিতার জন্মদিন উপলক্ষ্যে কেক কাটা হয়। এসময় ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স বেজড স্মার্ট কাস্টমার এসিস্ট্যান্ট- চ্যাটবট ডিপিডিসি ‘বিদ্যুৎ বন্ধু’




*ইনোভেশন শো-কেসিং এ ডিপিডিসি’র কৃত্তিম বুদ্ধিমত্তা সম্পন্ন স্মার্ট চ্যাটবট "ডিপিডিসি বিদ্যুৎ বন্ধু" ২য় স্থান অর্জন করে।*

বর্তমানে সময় কৃত্তিম বুদ্ধিমত্তা ভিত্তিক ৪র্থ শিল্প বিপ্লবের যার ভিত হচ্ছে “জ্ঞান ও কৃত্তিম বুদ্ধিমত্তা” ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি, ড্রোন, রোবোটিক্স, ন্যানো প্রযুক্তি, বিগ ডাটা, ডাটা সাইন্স ইত্যাদি। এই বাস্তবতায় ডিপিডিসিও কাজ করে যাচ্ছে।

ড্রোন প্রযুক্তি ব্যবহার করে ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের স্মার্ট সার্ভেইলেন্স এবং থার্মাল প্রোফাইলিং এর মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করে গ্রাহক সেবার মান উন্নয়ন” শীর্ষক উদ্ভাবনটি ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। যুগের সাথে তাল মিলিয়ে উন্নত প্রযুক্তি ব্যবহার করে উৎকৃষ্ট গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে ডিপিডিসি কাজ করে যাচ্ছে।

ডিপিডিসি’র গ্রাহক তার সমস্যা, অভিযোগ বা জিজ্ঞাসার জন্য ডিপিডিসি’র কন্ট্রোল রুম বা কল সেন্টারে কল করে এবং একই ধরনের সমস্যা বা অভিযোগের জন্য কল সেন্টার ব্যস্ত থাকে বিধায় গ্রাহককে কল ওয়েটিং এ থাকতে হয়। এছাড়া, গ্রাহকের বিভিন্ন জিজ্ঞাসার উত্তর সিস্টেম যাচাই করে দিতে হয় যা সময় ক্ষেপন করে। গ্রাহকের অতিরিক্ত কল গ্রহণে কল সেন্টার এজেন্ট কর্তৃক অনেক সময় যথাযথ সেবা পাওয়া যায় না এবং বেশী জনবল প্রয়োজন হয়। এ সমস্যা লাঘবে স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সিটিজেন এবং স্মার্ট সোসাইটি এর আওতায় ডিপিডিসি গ্রাহকদের জন্য কৃত্তিম বুদ্ধিমত্তা সম্পন্ন স্মার্ট কাস্টমার এসিস্ট্যান্ট চ্যাটবট ডিপিডিসি ‘বিদ্যুৎ বন্ধু’ বাস্তবায়ন করে স্মার্ট বাংলাদেশ গঠনে অগ্রসর হয়েছে। এটি আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স ও মেশিন লার্নিং মডেল ডেভেলপ করে বন্ধুর ন্যায় বাংলা ও ইংরেজি উভয় ভাষায় গ্রাহকসেবা প্রদান করতে সক্ষম।

**ডিপিডিসি বিদ্যুৎ বন্ধুর সুবিধাসমূহ :**

ক) “বিদ্যুৎ বন্ধু” ওয়েব বেজড এবং মোবাইল অ্যাপ্লিকেশন যা উভয় প্লাটফর্মে ব্যবহার করা যায়।

খ) মেশিন লার্নিং ব্যবহার করে ও আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স সমৃদ্ধ যা একজন বন্ধুর ন্যায় গ্রাহকের প্রশ্নের উত্তর ও সমস্যার সমাধান বিশ্বের যেকোনো প্রান্ত হতে দিতে পারে।

গ) বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতেই অভিযোগ দাখিল, সেবা গ্রহণ বা তথ্য আহরণের ব্যবস্থা রয়েছে।

ঘ) টাইপকৃত শব্দের ভিত্তিতে আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স ব্যবহার করে জিজ্ঞাসার উত্তর বা অভিযোগ নিস্পত্তি এবং অবস্থা সহজেই জানতে পারে।

ঙ) আইডিয়াটি বাস্তবায়নের আগে গ্রাহককে সেবা পেতে গড়ে প্রায় ৮ মিনিট সময়ে ৪ টাকা খরচ হতো এবং বাস্তবায়নের পর তা বিনা খরচে ২ মিনিটে প্রদান করা সম্ভব হয়েছে।

**পাইলট বাস্তবায়ন :**

ডিপিডিসি বিদ্যুৎ বন্ধু দুইটি পর্যায়ে বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ১ম পর্যায় (পাইলটিং) বাস্তবায়ন করা হয়েছে।

**পর্যায়-১ (পাইলটিং বাস্তবায়িত)**

বর্ণিত সেবাটি গ্রাহকের মৌলিক প্রশ্নের উত্তর দিতে সক্ষম (যেমন: ডিপিডিসি ও NOCS দপ্তর সেবা সংক্রান্ত তথ্য, নতুন সংযোগ প্রাপ্তি বা আবেদন ট্র্যাকিং, অভিযোগ ট্র্যাকিং, বিদ্যুৎ বিভ্রাট, বিলিং, বিল প্রদান বা প্রিপেইড মিটার রিচার্জ সংক্রান্ত তথ্য)। প্রাথমিক পর্যায়ে উক্ত বিষয়ের আলোকে 4IR উপযোগী প্রযুক্তি আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স বেজড মেশিন লার্নিং মডেল ডেভেলপ করা হয়েছে এবং ডিপিডিসি’র কল সেন্টার, বিলিং সিস্টেমেসহ অন্যান্য সিস্টেমের সাথে ইন্টিগ্রেশন করা হয়েছে। পাইলটিং পর্যায়ে মেশিন লার্নিং এর জন্য স্বল্প ডাটাসেট ব্যবহার করা হয়েছে। সময়ের সাথে সাথে এই লার্নিং ডাটাসেট এর পরিমাণ বাড়বে এবং মেশিন আরো দ্রুত নির্ভুল উত্তর দিতে পারবে। সিস্টেমটি Python Programing Language এ ডেভেলপ করা হয়েছে এবং ডাটাবেজ হিসাবে MongoDB Ges Flask framework এ কাজ করা হয়েছে। এছাড়া, চ্যাটবটটিকে ট্রেইন করার জন্য Torch, NLTK, NumP, ব্যবহার করা হয়েছে।

**পর্যায়-২ (আপগ্রেডেশন ও পূর্ণাঙ্গ বাস্তবায়ন )**

সকল প্রকার অপারেশন ও কমার্শিয়াল কার্যক্রমের সেবা প্রদানসহ স্পীচ টু টেক্সট কনর্ভাসন এবং মেশিনকে রোমান হরফে বাংলা ভাষা রপ্ত করে সেবার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, ডিপিডিসি’র ফেসবুক পেইজ ইন্টিগ্রেশন করে গ্রাহক মতামত বা অভিযোগ গ্রহণ করে ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি ডিপিডিসিতে বাস্তবায়িত GIS ও AMI এর সাথে ইন্টিগ্রেশন করে গ্রাহকসেবা প্রদান করা হবে।


**প্রত্যাশিত ফলাফল :**

* ১৪-০৩-২০২৪ তারিখে পাইলট বাস্তবায়ন করা হয়েছে।
* পাইলট বাস্তবায়নের পর গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পাচ্ছে।
* পরবর্তীতে মেশিন লার্নিং প্রক্রিয়ায় আরো ডাটাসেট যুক্ত হবে ফলে মডেল যথেষ্ট ট্রেইনআপ হলে সেবা প্রদান আরো ফলপ্রসূ হবে।
* মেশিন লার্নিং ও আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স ব্যবহারের মাধ্যমে ডিপিডিসি স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি বাস্তবায়ন করে সর্বোপরি স্মার্ট বাংলাদেশ গঠনের মাধ্যমে প্রত্যাশিত ফলাফল অর্জিত হবে।

**অর্জন :**

গত ১৯-০৫-২০২৪ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শো-কেসিং এ ডিপিডিসি’র কৃত্তিম বুদ্ধিমত্তা সম্পন্ন স্মার্ট চ্যাটবট "ডিপিডিসি বিদ্যুৎ বন্ধু" ২য় স্থান অর্জন করে।

## ডিপিডিসি'র আওতাধীন এলাকায় রাত ০৮ টায় দোকান, শো-রুম, কাচা বাজার ও শপিংমল বন্ধে অভিযান





## ■ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন■

**সময়কাল: ফেব্রুয়ারি ২০২৪ থেকে মে ২০২৪ পর্যন্ত**

| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ১৯ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ১৩ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ৫৯ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ২০ লক্ষ ৬২ হাজার টাকা |
| মালামাল জব্দ | ১৫ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |



**ফেব্রুয়ারি ২০২৪ থেকে মে ২০২৪ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- ফতুল্লা দপ্তরের গ্রাহক শাহজালাল অটো গ্যারেজ এর আবাসিক স্থাপনায় ৭.৯২ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক মোঃ শামসুদ্দীন এর আবাসিক স্থাপনায় ৩.৫১ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক আব্দুল কাদের হাওলাদার এর আবাসিক স্থাপনায় ২.০১ লক্ষ টাকার পেনাল বিল।



ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ বিদ্যুৎ লাইন সংস্কার কার্যক্রম

### ঘূর্ণিঝড় 'রিমাল'

এর প্রভাবে ডিপিডিসি'র আওয়াতাধীন এলাকায় ক্ষতিগ্রস্থ বিদ্যুৎ লাইন, পোল ও ট্রান্সফরমার দ্রুততম সময়ের মধ্যে সংস্কার করে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকদের সংযোগ পুনর্স্থাপন করা হয়েছে।



ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ বিদ্যুৎ লাইন

# ১৮তম ও ১৯তম বুনিয়াদী প্রশিক্ষণের আওতায় বিভিন্ন স্থাপনা পরিদর্শন




*বুনিয়াদী প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী ও কর্মকর্তাগণ*

ডিপিডিসি'তে নবনিযুক্ত ৫০ জন উপ-সহকারী প্রকৌশলীর জন্য ১৮তম ও ৪০ জন সহকারী প্রকৌশলীর জন্য ১৯তম বুনিয়াদী প্রশিক্ষণ গত ০৩ জানুয়ারি ২০২৪ তারিখে শুরু হয়। প্রতিটি ৪৫ কর্মদিবসব্যাপী এ কার্যক্রম পৃথকভাবে পাশাপাশি অনুষ্ঠিত হচ্ছে। এ প্রশিক্ষণের আওতায় বিভিন্ন স্থাপনায় পরিদর্শন কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গত ১৬জানুয়ারি ২০২৪ তারিখে উভয় ব্যাচের প্রশিক্ষণার্থীগণ আগারগাঁওস্থ জাতীয় বিজ্ঞান জাদুঘর পরিদর্শন করেন। সেখানে Green and Clean Energy: Sustainable Bangladesh শিরোনামের একটি সেমিনারের আয়োজিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ১৯তম ব্যাচের দুজন প্রশিক্ষণার্থী। উক্ত সেমিনারে বক্তব্য রাখেন জাতীয় বিজ্ঞান জাদুঘর-এর মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী এবং ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ মহিউল আলম।

১৮তম ও ১৯তম বুনিয়াদী প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ বিভিন্ন পাওয়ার প্ল্যান্ট ও ট্রান্সফরমার কারখানা পরিদর্শন করেন। ১৮তম ব্যাচ ফেব্রুয়ারি ২০২৪ এর ১ম সপ্তাহে ও ১৯তম ব্যাচ মার্চ ২০২৪ এর ১ম সপ্তাহে কক্সবাজার জেলায় মাতারবাড়ি ২×৬০০ মেঃ ওঃ কোল পাওয়ার প্ল্যান্ট ও টেকনাফ ২০ মেঃ ওঃ সোলার পাওয়ার প্ল্যান্ট পরিদর্শন করেন । পরবর্তীতে উক্ত দুই ব্যাচ যথাক্রমে ৬ ও ৮ মে ২০২৪ তারিখে ব্রাহ্মণবাড়িয়ায় অবস্থিত আশুগঞ্জ পাওয়ার প্ল্যান্ট এবং ১৩ ও ১৫ মে ২০২৪ তারিখে গাজীপুরের মাওনায় অবস্থিত পাওয়ারট্র্যাক ট্রান্সফরমার কারখানা পরিদর্শন করেন।

এ ছাড়া প্রশিক্ষণের অংশ হিসেবে উভয় ব্যাচের প্রশিক্ষণার্থীগণ যথাক্রমে ২৭ জানুয়ারি ২০২৪ ও ১৭ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে হাতিরঝিলের লালসিঁড়িতে শরীর চর্চায় অংশগ্রহণ করেন। এবং শরীর চর্চার পরে হাতিরঝিলে সংক্ষিপ্ত নৌভ্রমণের আয়োজন করা হয়।

■ **দুই**

**ডিপিডিসি'র নবনিযুক্ত ১৬ জন উপ-সহকারী প্রকৌশলীর জন্য ৬ দিনের Orientation Training এর আয়োজন :**

ডিপিডিসি'তে সম্প্রতি নিযুক্ত ১৬ জন উপ-সহকারী প্রকৌশলীর জন্য ৬ কর্মদিবসের একটি Orientation Training Course এর আয়োজন করা হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে ২৫ টি লেকচারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা (ধানমন্ডি উপকেন্দ্র, স্ক্যাডা, কল সেন্টার, মিটার টেস্টিং ল্যাব ও ওয়ার্কশপ) পরিদর্শন করানো হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক মহোদয়গণসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ প্রশিক্ষণে লেকচার প্রদান করেন।

■ **তিন**

**ইন্টার্নশিপ ২২তম ও ২৩তম ব্যাচ :**

ডিপিডিসি'র সোশ্যাল কর্পোরেট রেসপনসিবিলিটির আওতায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য (বিএসসি ইঞ্জিনিয়ারিং-এ অধ্যয়নরত) ইন্টার্নশিপ কার্যক্রম চলামান রয়েছে। এ কার্যক্রমের আওতায় ২২তম ও ২৩তম ব্যাচের প্রশিক্ষণ গত ২০ মে ২০২৪ তারিখে শুরু হয়। ২২তম ব্যাচের ব্যাপ্তি ১২ সপ্তাহ এবং ২৩তম ব্যাচের ব্যাপ্তি ৪ সপ্তাহ।

ইন্টার্নশিপ কার্যক্রমের আওতায় শিক্ষার্থীগণ ক্লাশরুম লেকচারের মাধ্যমে ডিপিডি-সি গঠনের পটভূমি, ডিপিডিসি'র বিভিন্ন কার্যক্রম, বাংলাদেশর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা, পাওয়ার ম্যানেজমেন্ট, বিভিন্ন টেকনিক্যাল ও আইসিটি সিস্টেম নিয়ে ধারণা লাভ করেন।


ক্লাশরুম লেকচারের পাশাপাশি শিক্ষার্থীদের বিভিন্ন উপকেন্দ্র, স্ক্যাডা সিস্টেম, কল সেন্টার, মিটার টেস্টিং ল্যাব, ওয়ার্কশপ ও টঙ্গীস্থ স্টোর পরিদর্শন করানো হয়। এছাড়াও প্রশিক্ষণর্থীদের দাপ্তরিক কর্মকান্ড সর্ম্পকে বাস্তাব অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে ডিপিডিসি'র এইচ.আর, ফিন্যান্স, আইসিটি ও মেডিকেল সেকশন পরিদর্শন এবং বিষয়ভিত্তিক এসাইনমেন্টের মাধ্যমে মাঠ পর্যায়ে কাজের প্রতিবেদন প্রস্তুত করানো হয়।



*বুনিয়াদী প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ বিভিন্ন পাওয়ার প্যান্ট ও ট্রান্সফরমার কারখানা পরিদর্শন করেন*

# জি টু জি প্রকল্পের আওতায় 'ধানমন্ডি টুইন টাওয়ার' নির্মাণ কাজ দ্রুতগতিতে চলছে







*নির্মাণাধীন 'ধানমন্ডি টুইন টাওয়ার' এর থ্রিডি মডেল*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত আধুনিক 'ধানমন্ডি টুইন টাওয়ার' নির্মাণ কাজ দ্রুতগতিতে চলছে। রাজধানীর কাটাবনে ৮.৩২ একর জায়গায় নির্মাণাধীন আধুনিক ও নান্দনিক 'ধানমন্ডি টুইন টাওয়ার' নির্মাণ শৈলীর এক অনন্য উদাহরণ হতে চলেছে। এ ভবনের নকশায় ৫০ শতাংশেরও বেশি জায়গা উন্মুক্ত রাখা হয়েছে। টাওয়ারে ৩ তলা বেসমেন্ট বিশিষ্ট কার পার্কি স্পেস থাকবে যেখানে একসাথে আট শতাধিক গাড়ি পার্কিং করা যাবে। ভবনের নান্দনিক নকশায় উচ্চ ক্ষমতা সম্পন্ন সাবস্টেশন, অত্যাধুনিক স্ক্যাডা সিস্টেমের পাশাপাশি উন্মুক্ত পার্ক, বাণিজ্যিক স্পেস, ডিজিটাল মিউজিয়াম, প্রশিক্ষণ কেন্দ্র, সিনেপ্লেক্স এবং ফুড-কোর্ট অন্তর্ভুক্ত রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর 'ধানমন্ডি টুইন টাওয়ার' নগরবাসীকে মানসম্মত বিদ্যুৎ সরবরাহের পাশাপাশি উন্নত নাগরিক সেবা প্রদানে ভূমিকা রাখবে। উল্লেখ্য, ১৯ জুন ২০২১ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি 'ধানমন্ডি টুইন টাওয়ার' নির্মাণ কাজের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত গণচীনের তৎকালীন মান্যবর রাষ্ট্রদূত মি. লি জিমিং উপস্থিত ছিলেন।





*নির্মাণাধীন 'ধানমন্ডি টুইন টাওয়ার' এর বর্তমান অবস্থা*

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
**সহ-সম্পাদক : সৈয়দা শাহীন আরা**, ম্যানেজার, ডিপিডিসি; **ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি; আলোকচিত্র: **কে এম দুলাল; গ্রাফিক্স ডিজাইন: সাকিবুল বাশার।**
ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.gov.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।